

‘এডিশন্যাল ল্যাংগুয়েজ সারভিস’ হিসেবে ইংরেজী

স্কুলে উপস্থিতি: বাবা/মা-দের জন্য নির্দেশাবলী

বাবা/মা হয়ে আপনি বুঝতে পারবেন যে আপনার সন্তানের জন্য স্কুলে নিয়মিত এবং ঠিক সময়মত উপস্থিতি থাকা অত্যন্ত প্রয়োজনীয়। যে কোন অনুপস্থিতি আপনার সন্তানের শিক্ষায় ব্যাঘাত ঘটে এবং সহপাঠীদের মত করে প্রয়োজনীয় শিক্ষা অর্জন করতে অক্ষম হয়। যদিও শিক্ষক/শিক্ষিকাগণ বাদ পড়া শিক্ষণীয় বিষয় পূর্ণবীর শিখানোর জন্য সাহায্য করতে চেষ্টা করেন কিন্তু এট শিক্ষক/শিক্ষিকাদের জন্য অতিরিক্ত কাজের সৃষ্টি করে। ছাত্রছাত্রীরা যদি দেরী করে স্কুলে আসে তাহলে সেটাও পাঠ্যক্রমে বিঘ্নতা সৃষ্টি করে। তারা গুরুত্বপূর্ণ নির্দেশ বা তথ্য পাওয়ার স্বযোগও হারাতে পারে এবং যার ফলে স্কুলে পাঠ্যক্রমে অংশগ্রহণ করায় তাদের আরও অস্ববিধা হতে পারে।

মেডিকেল (রোগ বা চিকিৎসাজনিত) কারণে বা অন্য কোন অনুমোদিত অনুপস্থিতি

আপনার সন্তানকে যদি স্কুল থেকে কোন মেডিকেল বা অন্য কোন প্রয়োজনীয় কারণে স্কুলে অনুপস্থিতি থাকতে হয়, তাহলে স্কুলকে ফোনে বা লিখিতভাবে অনুপস্থিতি থাকার কারণ জানাতে হবে। (পূরণ করে পাঠাতে পারেন এধরনের অনুবাদ করা অনুপস্থিতির নোটস আপনার সন্তানের স্কুলে রয়েছে) আপনার সন্তানের উপস্থিতির রেকর্ড-এ কোন মেডিকেল অথবা অন্যান্য কারণে অনুপস্থিতিগুলি ‘অনুমোদিত অনুপস্থিতি’ বলে লিখা হবে।

বাবা/মা-রা তাদের সন্তানদের হয়ত অন্যান্য কারণেও স্কুল থেকে অনুমোদিত কারণে বাইরে নিয়ে যেতে পারেন যেমন ধর্মীয়, পারিবারিক বিবাহ, মৃত্যুর কারণে শোক বা অন্য কোনধরনের পারিবারিক বা সমবেদনার কারণ। এগুলিকে ‘অনুমোদিত অনুপস্থিতি’ বলে লিখা হবে। বাবা/মাদের উচিত এই ধরনের অনুপস্থিতি যত শীঘ্র সম্ভব স্কুলকে জানানো যাতে তারা অনুপস্থিতি সঠিকভাবে লিখে রাখাটা স্বনিশ্চিত করতে পারে। আপনার যদি মনে হয় কোন অনুপস্থিতি সঠিকভাবে রেকর্ড করা হয়নি তাহলে স্কুল চলাকালীন বৎসরের মধ্যে পরবর্তি কোন এক তারিখে তা সংশোধন করবার জন্য অনুরোধ করবেন।

অন্যান্য নিয়মবহির্ভূত পরিস্থিতিতে অনুপস্থিতি

নিয়মবহির্ভূত পরিস্থিতির কারণে অন্যান্য অনুপস্থিতির অনুমতি দেওয়া যেতেও পারে। যদি বাবা/মা-রা নিয়মবহির্ভূত পরিস্থিতির কারণে স্কুল থেকে দু সপ্তাহের ছুটির জন্য অনুরোধ করতে চান, তাহলে তারা সেটা হেড টিচারকে লিখিতভাবে বিস্তারিত বিবরণ দিয়ে অনুরোধ করতে পারেন।

এই ধরনের ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত নেওয়ার অধিকার থাকবে হেড টিচারের উপর তবে তাকে ‘চিল্ড্রেন এ্যান্ড ফ্যামিলিস ডিপার্টমেন্ট’-এর নির্দেশাবলী পালন করতে হবে। দু সপ্তাহের বেশি ছুটির অনুরোধ ‘চিল্ড্রেন এ্যান্ড ফ্যামিলিস (এডুকেশন) ডিপার্টমেন্ট’-এর কাছে পাঠানো হবে।

অনঅনুমোদিত অনুপস্থিতি

অন্য যে কোন অনুপস্থিতি যেটা মেডিকেল (চিকিৎসা সংক্রান্ত) বা অন্যান্য অনুমোদিত ছুটি নয় সেগুলি আপনার সন্তানের উপস্থিতির রেকর্ড-এ ‘অনঅনুমোদিত’ বলে রেকর্ড করা হবে।

হারিটেইজ (উত্তরাধিকার) পরিদর্শন

হারিটেইজ পরিদর্শন আপনার সন্তানের ভাষার উন্নতি, সাংস্কৃতিক এবং পারিবারিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। যে সব বাবা/মা এধরনের হারিটেজ পরিদর্শনের জন্য নিজের দেশে যেতে চান তাদের প্রথমাবস্থায় বাৎসরিক স্কুল ছুটির সময় যাওয়া উচিত। তা সম্ভব না হলে আপনার উচিত যত তাড়াতাড়ি সম্ভব স্কুলের সঙ্গে পরিকল্পিত অনুপস্থিতির ব্যাপারে আলাপ করে নেওয়া। আপনার স্কুলের সঙ্গে আপনার ভবিষ্যতের পরিকল্পনা সম্পর্কে আলাপ করে নিলে আপনার সন্তানের শিক্ষা অর্জনে বিঘ্নতার মাত্রা কমানো সম্ভব হবে এবং এবং স্কুল সেই পরিদর্শন শিক্ষালাভের জন্য সমৃদ্ধপূর্ণ করতে সাহায্য হবে। আপনার টিচার এবং ই.এ.এল. টিচার হয়ত কিভাবে এই পরিদর্শনকালীন অভিজ্ঞতা আপনার সন্তানের স্কুলের শিক্ষার সঙ্গে সংযুক্ত করা যায় সে বিষয়ে পরামর্শ দিতে পারবেন এবং এর ফলে তাদের স্কুলের পাঠ্যক্রমে সাহায্যকর হবে।